

বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়
ডাকবাস্তি নং ৩২৫
ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
তারিখ : ০৩ মাঘ ১৪১৮ বঙ্গাব্দ।
১৬ জানুয়ারী ২০১২ খ্রীষ্টাব্দ।

ডিওএস সার্কুলার নং - ০১

তারিখ : ০৩ মাঘ ১৪১৮ বঙ্গাব্দ।
১৬ জানুয়ারী ২০১২ খ্রীষ্টাব্দ।

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

শ্রিয় মহোদয়,

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন সংশ্লিষ্ট তথ্য/বিবরণী/বিবরণী Rationalized Input Template এ Web Portal এর মাধ্যমে দাখিলকরণ প্রসংগে।

তফসিলি ব্যাংকগুলোর নিকট থেকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে তথ্য সংগ্রহের নিমিত্তে বাংলাদেশ ব্যাংকে Enterprise Data Warehouse (EDW) বাস্তবায়নের কাজ চূড়ান্ত হয়েছে। এ লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাগুলো পরিপালনপূর্বক ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এ প্রেরণযোগ্য EDW সংশ্লিষ্ট বিবরণী (দৈনিক/সাপ্তাহিক/মাসিক/ত্রৈমাসিক/ষাণ্মাসিক) Rationalised Input Template (RIT)-এ Web Portal এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে :

- (ক) EDW সংশ্লিষ্ট তথ্য/বিবরণী প্রেরণ শুরু করার ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০১১ কে ভিত্তি তারিখ ধরে উক্ত তারিখ ভিত্তিক তথ্য/বিবরণী সর্বশেষ ৩১ মার্চ ২০১২ এর মধ্যে দাখিল করতে হবে। পরবর্তী বিভিন্ন ভিত্তি তারিখের বিবরণী দাখিলের ক্ষেত্রে বিদ্যমান সময়সূচী অনুসরণ করতে হবে।
- (খ) EDW এর আওতাধীন ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন সংশ্লিষ্ট বিবরণীগুলোর তালিকা এবং এতদ্বারা সংজ্ঞান করা হবে।
- (গ) RITগুলো যথাযথভাবে পূরণ করে নিয়মিতভাবে Web Portal এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।
- (ঘ) বিবরণী দাখিলের বিদ্যমান পদ্ধতি/প্রক্রিয়া এবং Web Portal এর মাধ্যমে দাখিলের পদ্ধতি/প্রক্রিয়া মুগ্ধপৃষ্ঠাবে ৩০ জুন ২০১২ পর্যন্ত অব্যাহত থাকবে এবং ০১ জুলাই ২০১২ হতে শুধুমাত্র Web Portal এর মাধ্যমে সংশ্লিষ্ট তথ্য/বিবরণী দাখিল করতে হবে।
- (ঙ) নিরীক্ষিত আর্থিক বিবরণীভিত্তিক যেসব তথ্য/বিবরণী অত্র ডিপার্টমেন্টে প্রেরণ করা হয় সেগুলোর ক্ষেত্রে Web Portal এর মাধ্যমে দাখিলের বিষয়টি আপাততঃ প্রযোজ্য হবে না। এরপ বিবরণী দাখিলের বিদ্যমান পদ্ধতি ও সময়সূচী যথায়ীভাবে অনুসরণ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাণ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(কে,এম, গাওছুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯১২০৩৭৬